

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, সিলেট।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেটের কল্যাণ তহবিল হতে ২০১৮-২০১৯ অর্থ বছরে সরকারি ও বোর্ডের নিবন্ধিত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মরত, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মকর্তা-কর্মচারী নিজ ও তাঁদের উপর নির্ভরশীল পরিবারের সদস্যদের চিকিৎসা সাহায্যের জুলাই/১৮ মাসে প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাকল্পে গঠিত বাছাই কমিটির ০৬/০৯/২০১৮ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : শেখ কামরুল হাসান
উপপরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
আহ্বায়ক, বিশেষ সাহায্য (চিকিৎসা) বাছাই কমিটি।

সভার তারিখ ও সময় : ০৬/০৯/১৮ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : উপপরিচালকের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিশেষ সাহায্য (চিকিৎসা) আবেদনপত্রের ধরণ, আবেদনপত্রের সাথে প্রাপ্ত কাগজপত্র এবং এতদসংক্রান্ত বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন।

বোর্ডের প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বাছাই কমিটির সভায় জুলাই/১৮ মাসে প্রাপ্ত বিশেষ সাহায্য (চিকিৎসা) সংক্রান্ত ৩৪ (চৌত্রিশ) টি আবেদনপত্র উপস্থাপন করা হয়। প্রতিটি আবেদনের সাথে প্রাপ্ত কাগজপত্র বিশেষজ্ঞ চিকিৎসক ও কমিটির অন্যান্য সদস্যগণ কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করে রোগের ধরণ এবং চিকিৎসার প্রকৃতি ও চিকিৎসা ব্যয়ের পরিমাণ পর্যালোচনা করে যে সমস্ত আবেদনপত্রের সাথে প্রাপ্ত কাগজপত্র যথাযথ আছে, সে সমস্ত আবেদনপত্রের অনুকূলে প্রধান কার্যালয়ের সিলিং অনুযায়ী সাহায্য মঞ্জুরীর সুপারিশ করা হয়। বাছাই কমিটিতে বিশেষ সাহায্যের (চিকিৎসা) ৩০ (ত্রিশ) টি আবেদনপত্রের কাগজপত্র যথাযথ পাওয়া গিয়েছে বিধায় এ সকল আবেদনের অনুকূলে তালিকায় আবেদনকারীদের নামের পার্শ্বে বর্ণিত টাকার পরিমাণ অনুযায়ী সর্বমোট টাঃ ৩,২৫,০০০/- (তিন লক্ষ পঁচিশ হাজার) মাত্র মঞ্জুরীর সুপারিশ করে বরাদ্দ উপ-কমিটির সভায় চূড়ান্ত অর্থ মঞ্জুরীদানের জন্য পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। একই সঙ্গে বিশেষ সাহায্যের (চিকিৎসা) ০৪ (চার) টি আবেদনপত্রে ত্রুটি/সামান্য বিচ্যুতি থাকায় স্থগিতের সুপারিশ করা হয় এবং ত্রুটি/বিচ্যুতি সংশোধন সাপেক্ষে অর্থ মঞ্জুরী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থগিতকৃত আবেদনের তালিকা :

ক্র: নং:	ডাইরি নং	কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও অফিস ঠিকানা	মন্তব্য
১	২৪৩ ০৪/০৭/১৮	মো: মাসুদ, গাড়ীচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল-৩২১০, মৌলভীবাজার।	পুরাতন আবেদন ফরম ও ছাড়পত্র নাই
২	২৪৬ ০৪/০৭/১৮	মো: আব্দুল আলীম, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বানিয়াচং, হবিগঞ্জ।	পে-ফিল্ডেশন নাই।
৩	২৫৩ ০৮/০৭/১৮	দিলীপ কুমার সিংহ, অফিস সহকারী/ডাটা এন্ট্রি অপারেটর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, জৈন্তাপুর, সিলেট।	৪র্থ সন্তান
৪	২৬৪ ১৯/০৭/১৮	মীর মুজাহিদ আলী, অফিস সহ: সিভিল সার্জন কার্যালয়, সিলেট।	কর্মচারীর বয়স ৬৭ বছর পূর্ণ হয়েছে।

চলমান পাতা-২

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/
(শেখ কামরুল হাসান)
উপপরিচালক (উপসচিব)
ও
আহ্বায়ক
বিশেষ সাহায্য (চিকিৎসা) বাছাই কমিটি।
ফোন : ০৮২১-৮৪০৭৩৭।

নং-০৫.৮১.৯১০০.০০২.০৩.০৪১.১৮-১২০২

তারিখ : ০৬/০৯/১৮ খ্রি.

বিতরণ :

- ১। মহাপরিচালক (সচিব) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সিভিল সার্জন, সিলেট।
- ৩। অফিস কপি।

শেখ কামরুল হাসান
০৬/০৯/১৮
(শেখ কামরুল হাসান)
উপপরিচালক (উপসচিব)
ও
আহ্বায়ক
বিশেষ সাহায্য (চিকিৎসা) বাছাই কমিটি।
ফোন : ০৮২১-৮৪০৭৩৭।